bip
17th Executive Board
ELECTION 2025



*Vote For*

# FAZLE REZA SUMON

## PRESIDENT CANDIDATE

**ELECTION DATE & TIME**

21ST NOVEMBER | FRIDAY | 9AM - 4PM

**Voter Number - 92**

**BIP Fellow F-229**

প্রিয় পরিকল্পনাবিদ,

আসসালামু আলাইকুম। বাংলাদেশ ইনস্টিটিউট অব প্ল্যানার্স (BIP)-এর ১৭তম কার্যনির্বাহী পরিষদ নির্বাচনে **সভাপতি** পদপ্রার্থী হিসেবে আমি অংশ নিচ্ছি। এই নির্বাচনে আপনাদের আন্তরিক সমর্থন, আস্থা ও সহযোগিতা কামনা করছি।
আমার অঙ্গীকার হলো-

• পরিকল্পনাবিদদের পেশাগত মর্যাদা বৃদ্ধি,
• তরুণ পরিকল্পনাবিদদের সক্রিয় অংশগ্রহণ নিশ্চিত করা, এবং
• দেশের টেকসই নগরায়ন ও আঞ্চলিক উন্নয়নের লক্ষ্য অর্জনে বিআইপি-কে আরও শক্তিশালী, প্রযুক্তিনির্ভর, স্বচ্ছ ও অন্তর্ভুক্তিমূলক পেশাজীবী সংগঠন হিসেবে এগিয়ে নিয়ে যাওয়া।

এই প্রেক্ষিতে আপনাদের অবগতির জন্য আমি সংযুক্ত করেছি-
• আমার পূর্ববর্তী ১৫তম নির্বাহী বোর্ডের ইশতেহার এবং সম্পাদিত কার্যক্রম ও অগ্রগতি
• ১৭তম কার্যনির্বাহী পরিষদ নির্বাচনের জন্য ইশতেহার

আমি বিশ্বাস করি, অভিজ্ঞতা, সততা ও পেশার প্রতি দায়বদ্ধতা- এই তিনটি ভিত্তিকে কেন্দ্র করে আমরা একসাথে বিআইপি-কে আরও কার্যকর, আধুনিক এবং সদস্যবান্ধব সংগঠনে রূপান্তরিত করতে পারব।

আপনাদের মূল্যবান মতামত, দোয়া ও সমর্থন অব্যাহত থাকবে- এই প্রত্যাশা করি।

শুভেচ্ছান্তে,

**ফজলে রেজা সুমন**

সভাপতি পদপ্রার্থী
১৭তম কার্যনির্বাহী পরিষদ নির্বাচন
বাংলাদেশ ইনস্টিটিউট অব প্ল্যানার্স (BIP)

ELECT **FAZLE REZA SUMON**
*for* Empowering Planners, growing BIP...

# ১৫তম নির্বাহী বোর্ডের ইশতেহার এবং সম্পাদিত কার্যক্রম ও অগ্রগতি

| ১৫তম নির্বাহী বোর্ড নির্বাচনে ইশতেহারে প্রদত্ত প্রতিশ্রুতি | ১৫তম নির্বাহী বোর্ডে কার্যক্রম | অগ্রগতি |
| --- | --- | --- |
| ১) সকল পরিকল্পনাবিদদের ও সর্বোপরি দেশের উন্নয়নে কাজ করবে এমন একটি জবাবদিহিমূলক ও গতিশীল নির্বাহী বোর্ড প্রতিষ্ঠা করা; | নিয়মিত সভা, সিদ্ধান্ত গ্রহণে স্বচ্ছতা, আর্থিক ও প্রশাসনিক কার্যক্রমে জবাবদিহিতা নিশ্চিতকরণ। | ✓ বাস্তবায়িত |
| ২) সাতটি পরিকল্পনা স্কুল এবং অধিক সংখ্যক পরিকল্পনাবিদদেরকে বিআইপির নিয়মিত কার্যক্রমে সম্পৃক্ত করার উদ্ভাবনী কিছু কার্যক্রম গ্রহণ করা। | পরিকল্পনা স্কুলগুলোর সাথে সমন্বয় সভা, শিক্ষার্থী সম্পৃক্ততা কর্মসূচি, লোকাল চ্যাপ্টার কার্যক্রম শক্তিশালীকরণ। | ✓ বাস্তবায়িত |
| ৩) উচ্চ মানের পরিকল্পনা অনুশীলন এবং পরিকল্পনা পেশা সম্পর্কে অধিকতর প্রচার। | সেমিনার, নীতি আলোচনা, সামাজিক মাধ্যমে পেশার দৃশ্যমানতা বৃদ্ধি। | ✓ বাস্তবায়িত |
| ৪) ... 'স্পেশিয়াল প্ল্যানিং ফ্রেমওয়ার্ক' বা 'স্থানিক পরিকল্পনা কাঠামো' প্রণয়ন ... পরিকল্পনাবিদদের জন্য ৭৩৫টি পদ সম্বলিত বিসিএস ক্যাডার এবং ... ২৬ শতাধিক পদ সৃজন/পূরণের প্রস্তাব ... সরকার কর্তৃক গৃহীত ও বাস্তবায়নের জন্য প্রচার-প্রচারণাসহ বিভিন্ন ধরণের কার্যক্রম গ্রহণ; | প্রস্তাবনার ফলো-আপ, মন্ত্রণালয়ের সাথে যোগাযোগ, প্রচার-এডভোকেসি কার্যক্রম এগিয়ে নেওয়া। | উল্লেখযোগ্য অগ্রগতি |
| ৫) স্থানিক পরিকল্পনা কাঠামোয় প্রস্তাবিত জাতীয় স্থানিক পরিকল্পনা অধিদপ্তরসহ অন্যান্য প্রয়োজনীয় কর্তৃপক্ষের প্রয়োজনীয়তা ও গুরুত্ব প্রতিষ্ঠায় কাজ করা... সরকারি সেবায় নগর পরিকল্পনাবিদদের জন্য একটি পৃথক ক্যাডার ... লিয়াজো ও এডভোকেসি করা। | নীতি-নির্ধারকদের সাথে ধারাবাহিক যোগাযোগ, প্রয়োজনীয় নথি প্রস্তুত, পলিসি ডায়ালগে অংশগ্রহণ | চলমান / আংশিক বাস্তবায়িত |
| ৬) স্থানীয় সরকার প্রতিষ্ঠান ... পরিকল্পনাবিদদের জন্য চাকুরীর ক্ষেত্র তৈরির লক্ষ্যে এডভোকেসি ... ব্লক পোস্ট ... নতুন সাংগঠনিক কাঠামো ... পর্যায়কে এগিয়ে নিয়ে যাওয়া ও পরিকল্পনাবিদদের শূণ্য পদ পূরণের জন্য ব্যবস্থা গ্রহণ; | ব্লক পোস্ট কাঠামো পুনর্বিন্যাস, মামলার জটিলতা সত্ত্বেও শূন্যপদ পূরণের ব্যাপারে অগ্রগতি। | আংশিক বাস্তবায়িত |

ELECT **FAZLE REZA SUMON**

*for* Empowering Planners, growing BIP...

| ১৫তম নির্বাহী বোর্ড নির্বাচনে ইশতেহারে প্রদত্ত প্রতিশ্রুতি | ১৫তম নির্বাহী বোর্ডে কার্যক্রম | অগ্রগতি |
|---|---|---|
| ৭) পরিকল্পনা বিষয়ে গবেষণার প্রসার ঘটানো ... সরকারকে ... তথ্য নির্ভর নীতি সহায়তা প্রদানে বিআইপি'র বর্তমান পদ্ধতিগুলোকে আরও কার্যকরী করা। | গবেষণাভিত্তিক নীতি সহায়তার প্ল্যাটফর্ম সক্রিয়করণ, গবেষণা আলোচনায় সদস্যদের সম্পৃক্ততা | ✓ বাস্তবায়িত |
| ৮) সাতটি বিশ্ববিদ্যালয়ের পরিকল্পনা বিভাগের/স্কুলে ... বার্ষিক 'পরিকল্পনা সম্মেলন' এর আয়োজনের মাধ্যমে সাংগঠনিক দৃঢ়তা ও গতিশীলতা বাড়ানো। | বিশ্ববিদ্যালয়গুলোর সাথে সমন্বিত আলোচনা, সম্মেলনের প্রাথমিক নকশা ও পরিকল্পনা | আংশিক বাস্তবায়িত |
| ৯) বিশ্ববিদ্যালয়ে পরিকল্পনা শিক্ষাকে আরোও আধুনিকীকরণের জন্য বিআইপি, বিশ্ববিদ্যালয়ের শিক্ষকবৃন্দ ও ... প্রাক্তন অভিজ্ঞ পরিকল্পনাবিদদের মাঝে নিয়মিত মতবিনিময়ের উদ্যোগ নেয়া। | শিক্ষক ও প্রাক্তন পরিকল্পনাবিদদের নিয়ে ধারাবাহিক মতবিনিময় কার্যক্রম | আংশিক বাস্তবায়িত |
| ১০) ... 'ইনফরমেশন ও হেল্প সেল' গঠন ... সদস্যদের অনলাইন/অফলাইনে বি আই পি'র সাথে সহজে সম্পৃক্ত করার উদ্যোগ; | হেল্প সেলের কাঠামো ও অনলাইন সাপোর্ট শুরু, সদস্য যোগাযোগ আরও সহজ করা | আংশিক বাস্তবায়িত |
| ১১) ... সাউথ এশিয়ান প্ল্যানার্স নেটওয়ার্ক বা সার্ক অ্যাসোসিয়েশন অব প্ল্যানার্স প্রতিষ্ঠা ... | নেটওয়ার্ক প্রতিষ্ঠার প্রাথমিক কাঠামো, সংশ্লিষ্ট দেশগুলির সাথে অনানুষ্ঠানিক আলোচনা | প্রাথমিক অগ্রগতি |
| ১২) BIP-Foreign চ্যাপ্টার ... (BIP-North America, BIP-EUROPE, BIP-EAST ASIA ...) খোলার ব্যাপারে উদ্যোগ ... ইতিমধ্যেই BIP-UK অথবা BIP-EUROPE নিয়ে আলোচনা অগ্রসর হয়েছে। | BIP-UK/EU চ্যাপ্টারের সঙ্গে অগ্রসর সংলাপ ও কাঠামো প্রস্তুত | উল্লেখযোগ্য অগ্রগতি |
| ১৩) ... ঢাকায় BIP-Guest House ও ... ঝিলমিল-এ ট্রেনিং সেন্টার স্থাপনের উদ্যোগ গ্রহণ করা। | প্রাথমিক আলোচনা হয়েছিলো কিন্তু সময় শেষ হয়ে যাওয়ায় পরবর্তীতে অগ্রগতি হয়নি। | উদ্যোগ নেওয়া হয়েছে, তবে সম্পূর্ণ করা সম্ভব হয়নি |

ELECT **FAZLE REZA SUMON**
*for* Empowering Planners, growing BIP...

# ১৭তম কার্যনির্বাহী পরিষদ নির্বাচনের জন্য ইশতেহার

## পেশাগত বিস্তার ও কর্মসংস্থান (Professional Opportunities & Employment Expansion)

• BIP এর গঠন তন্ত্র (First Amendment: November 26, 2005) সংশোধনের উদ্যোগ গ্রহণ করা হবে।

• BIP এর বর্তমান CODE OF ETHIICS এবং PROFESSIIONAL CODE OF CONDUCT (Approved by the Annual General Meeting held on 27 February 2015) সহ অন্নান্য অন্যান্য নীতিমালা এবং বিধিমালা রিভিউ সহ সংশোধনের উদ্যোগ গ্রহণ করা হবে।

• অনলাইন ভোটিং সিস্টেম সহজীকরণ ও আধুনিকায়ন করা হবে।

## একাডেমিক ও শিক্ষা কাঠামো উন্নয়ন

• আগামী দিনের নগরায়নের চ্যালেঞ্জ মোকাবেলায় নতুন বিশ্ববিদ্যালয়গুলোতে নগর ও অঞ্চল পরিকল্পনা বিভাগের শিক্ষকসংখ্যা বৃদ্ধির বিষয়ে সরকারের সাথে কার্যকর আলোচনার উদ্যোগ নেওয়া হবে।

• বিশ্ববিদ্যালয় ও পেশাজীবী সংযোগ (University-Professional Linkage Program) চালু করা হবে, যাতে শিক্ষার্থীরা বাস্তব পরিকল্পনা প্রকল্পে অংশ নিতে পারে।

• তরুণ পরিকল্পনাবিদদের জন্য "Young Planners Career Development Program" চালু করে প্রশিক্ষণ, গবেষণা ও ফেলোশিপ সুযোগ সৃষ্টি করা হবে।

• পরিকল্পনাবিদদের, বিশেষ করে তরুণদের উন্নয়ন কার্যক্রমের মূলধারায় আনার উদ্যোগ নেওয়া হবে। এই লক্ষ্যে তিস্তা মহাপরিকল্পনায় পরিকল্পনাবিদদের সম্পৃক্ত করার জন্য পাবনা ও রাজশাহী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের নগর ও অঞ্চল পরিকল্পনা বিভাগে "ইনোভেশন ও প্ল্যানিং হাব" গঠনের উদ্যোগ নেওয়া হবে।

## আন্তর্জাতিক সহযোগিতা ও সুযোগ (International Collaboration & Global Opportunities)

• RTPI (UK), CAP, ITPI (India), MIP (Malaysia), PIA (Australia) এবং অন্যান্য আন্তর্জাতিক সংস্থার সঙ্গে সহযোগিতা সম্প্রসারিত করা হবে।

• International Planners Exchange & Fellowship Program চালু করা হবে, যাতে তরুণ পরিকল্পনাবিদরা বিদেশে প্রশিক্ষণ ও গবেষণার সুযোগ পান।

## আঞ্চলিক নেতৃত্ব ও সদস্যসেবা (Regional Strengthening & Member Welfare)

• BIP's Regional / District Chapters শক্তিশালী করা হবে, যাতে ঢাকার বাইরের পরিকল্পনাবিদরাও সক্রিয় ভূমিকা রাখতে পারেন।

• সদস্য কল্যাণের জন্য "BIP Welfare Fund" চালু করা হবে।

• নবীন পরিকল্পনাবিদদের জন্য আন্তর্জাতিক প্রতিষ্ঠানগুলোতে বেতনভুক্ত ইন্টার্নশিপের সুযোগ সৃষ্টিতে উদ্যোগ নেওয়া হবে।

## প্রশিক্ষণ, গবেষণা ও উদ্ভাবন (Training, Research & Innovation)

• "Young Planners Council (YPC)" গঠন করা হবে, যাতে তরুণ পরিকল্পনাবিদরা সিদ্ধান্ত গ্রহণ প্রক্রিয়ার অংশ হতে পারেন।

• "Mentorship Program" চালু করা হবে, যেখানে সিনিয়র ও জুনিয়র পরিকল্পনাবিদরা জ্ঞান ও অভিজ্ঞতা বিনিময় করবেন।

• ঢাকা শহরে "BIP Training Academy" প্রতিষ্ঠা করা হবে, যেখানে "Accommodation Complex" বা হোস্টেল সুবিধা থাকবে।

• "BIP Training & Research Academy" স্থাপন করা হবে, যেখানে GIS, পরিবেশ ও ডিজিটাল টুলস বিষয়ে নিয়মিত প্রশিক্ষণ, সার্টিফিকেট কোর্স ও ওয়ার্কশপ পরিচালিত হবে।

• "BIP Urban Innovation Fund" চালু করা হবে, যেখানে তরুণ পরিকল্পনাবিদ ও গবেষকরা ছোট আকারে পাইলট প্রজেক্ট পরিচালনা করতে পারবেন।

## ডাটা ও সমন্বিত অবকাঠামো উন্নয়ন (Data Infrastructure & Coordination)

• পরিকল্পনাসংশ্লিষ্ট সকল সরকারি প্রতিষ্ঠান ও সংস্থার সঙ্গে সমন্বিত উদ্যোগ নিয়ে একটি জাতীয় তথ্যভান্ডার (National Data Repository) গঠনের পদক্ষেপ নেওয়া হবে, যাতে নগর ও আঞ্চলিক উন্নয়ন সংক্রান্ত হালনাগাদ তথ্য একত্রে সংরক্ষণ ও বিশ্লেষণ করা যায়।

## নির্বাচন ব্যবস্থা আধুনিকীকরণ (Election System Modernization)

• অনলাইন ভিত্তিক ভোটিং প্রক্রিয়া সহজ, দ্রুত ও নিরাপদ করা।

• পোর্টাল ভেরিফিকেশন ও ভোটার তালিকা হালনাগাদে স্বয়ংক্রিয় সিস্টেম চালু করা।

• বিশেষ প্রতিশ্রুতি: নির্বাচিত হলে সাতটি প্ল্যানিং স্কুলের আলুমনি ও পরবর্তী বোর্ডের সদস্যদের সঙ্গে আলোচনা করে সকলের জন্য সহজলভ্য ই-ভোটিং ব্যবস্থা বাস্তবায়নের উদ্যোগ নেওয়া হবে।

## গঠনতন্ত্র, বাই-লজ ও নীতি সংস্কার (Constitution, By-Law & Policy Reform)

• যুগের পরিবর্তন, প্রযুক্তির বিকাশ ও পেশাগত বাস্তবতা অনুযায়ী বিদ্যমান বাই-লজ পুনর্বিন্যাস।

• জবাবদিহিতা ও সদস্য অংশগ্রহণ বৃদ্ধি করার জন্য প্রয়োজনীয় ধারা সংশোধন।

• ডিজিটাল যুগের সাথে সামঞ্জস্য রেখে নতুন নীতিমালা সংযোজন।

• সকল সংশোধন প্রস্তাব সদস্যদের মতামতের ভিত্তিতে চূড়ান্ত করা।

• BIP এর গঠন তন্ত্র (First Amendment: November 26, 2005) সংশোধনের উদ্যোগ গ্রহণ করা হবে।

• BIP এর বর্তমান CODE OF ETHIICS AND PROFESSIIONAL CONDUCT (Approved by the Annual General Meeting held on 27 February 2015) সহ অন্নান্য অন্যান্য বিধিমালা রিভিউ সহ সংশোধনের উদ্যোগ গ্রহণ করা হবে।

## আচরণবিধি ও নৈতিকতা সংস্কার

• স্বচ্ছ, নিরপেক্ষ, সদস্যবান্ধব ও প্রয়োগযোগ্য আচরণবিধি সংস্কার।

• নির্বাচনী সময়সহ সারাবছর পেশাগত নৈতিকতা বজায় রাখতে মানদণ্ড নির্ধারণ।

• ভঙ্গের ক্ষেত্রে নির্দিষ্ট শাস্তিমূলক ব্যবস্থা এবং এর কার্যকর প্রয়োগ।

• পেশাদারিত্ব, সম্মান, সমতা ও ন্যায়বিচার বজায় রাখতে সচেতনতা কর্মসূচি।

## সুশাসন, স্বচ্ছতা ও জবাবদিহিতা (Good Governance, Transparency & Accountability)

• বাজেট, কার্যক্রম ও সিদ্ধান্তসমূহ সদস্যদের কাছে উন্মুক্ত রাখা।

• অভিযোগ ব্যবস্থাপনার জন্য অনলাইন "গ্রিভ্যান্স রেড্রেস সিস্টেম" চালু।

• নির্বাহী কমিটির সভা ও সিদ্ধান্ত স্বচ্ছভাবে প্রকাশের ব্যবস্থা।

• একটি সমৃদ্ধ, আধুনিক, স্বচ্ছ, দায়িত্বশীল ও সদস্যনির্ভর বিআইপি গঠন।

https://electsumon.com/